# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

কম্পিউটার উপ-বিভাগ

সূত্র নং- ২/২২/১১০/৭৫১৮ তারিখ: ২৯-০৫-২০১৮

**বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত মে-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী।**

**সভার তারিখঃ** ২৯-০৫-২০১৮

**সভার স্থানঃ** ইনোভেশন অফিসারের অফিস কক্ষ।

**সময়ঃ** দুপুর ২:৩০ ঘটিকা।

**সভার সভাপতিঃ** জনাব মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক (অপারেশন) এবং ইনোভেশন অফিসার।

সভায় কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

| নং | নাম ও পদবী | মহাবিভাগ/বিভাগ/উপ-বিভাগ |
|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহবুবুর রহমান, মহাব্যবস্থাপক | অপারেশন মহাবিভাগ |
| ২ | জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার | শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ |
| ৩ | জনাব এ. কে. মাকসুদুল আহসান ভূইঁয়া, অধ্যক্ষ | ট্রেনিং ইনস্টিটিউট ও মানব সম্পদ উন্নয়ন উপ-বিভাগ |
| ৪ | মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট | কম্পিউটার উপ-বিভাগ |

০১। ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও বর্তমান সভার আলোচ্য সূচী পাঠ করা হয়।

**আলোচ্য সূচি-০১: এপ্রিল-২০১৮ এর ইনোভেশন টিমের মাসিক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি।**

| নং | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ১ | ব্যাংকের ২০১৭-১৮ সালের বাস্তবায়নাধীন ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনার অগ্রগতি যথা সময়ে বাস্তবায়ন প্রসংগে। | ব্যাংকের ২০১৭-১৮ সালের বাস্তবায়নাধীন ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা অগ্রগতি নিম্নরূপঃ<br>১। অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ও এ সংক্রান্ত মোবাইল অ্যাপ্লিকেশনঃ ইতোমধ্যে অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে। এ সংক্রান্ত মোবাইল অ্যাপসটি তৈরীর কাজটি প্রায় শেষ পর্যায়ে রয়েছে।<br>২। অনলাইন ট্রেনিং ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারঃ ব্যাংকের নিজস্ব রিসোর্স ব্যবহার করে এবং কম্পিউটার উপ-বিভাগের সার্বিক সহযোগিতায় উক্ত সফটওয়্যারটি তৈরীর কাজ চলমান রয়েছে। |
| ২ | ব্যাংকের মাঠ পর্যায়ে গঠিত ইনোভেশন সংক্রান্ত টিমের কর্মপরিকল্পনার অগ্রগতি মনিটরিং প্রসংগে। | মাঠ পর্যায়ে গঠিত ১৮টি ইনোভেশন টিমের সাথে নিয়মিত ভাবে টেলিফোনের মাধ্যমে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান এবং ইমেইলের মাধ্যমে প্রয়োজনীয় গাইডলাইন প্রেরণ করা হয়েছে। |
| ৩ | ইনোভেশন সংক্রান্ত ২দিন ও ৫দিন ব্যাপি প্রশিক্ষণের অগ্রগতি প্রসংগে। | ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণের জন্য ট্রেনিং ইনস্টিটিউট এর মাধ্যমে A2I এর সাথে যোগাযোগ করা হয়েছে।<br>A2I কর্তৃক উক্ত প্রশিক্ষণের জন্য চূড়ান্ত তারিখ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। |
| ৪ | ব্যাংকের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায় থেকে প্রাপ্ত SIP এর তালিকাসমূহ পরবর্তী সভায় তা উপস্থাপন করতে হবে। | ব্যাংকের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায় থেকে কোন SIP পাওয়া যায়নি। |
| ৫ | ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন তৈরী এবং তা মন্ত্রাণালয়ে অবহিত করা। | ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রেরিত ছক অনুযায়ী তথ্য পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রদর্শন, ইনোভেশন কর্নার হালনাগাদ করন। | ইনোভেশন সংক্রান্ত সভার নোটিশ, সভার কার্যবিবরনী ও এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ব্যাংকের ওয়েব সাইটে হালনাগাদ করা হয়েছে। |



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত মে-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী।

**আলোচ্য সূচি-০২: কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যাংকের ২০১৭-১৮ সালের বাস্তবায়নাধীণ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ব্যাংকের ২০১৭-১৮ সালের বাস্তবায়নাধীণ ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা অগ্রগতি বিষয়ে সদস্য সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে ইনোভেশন কর্মপরিকল্পনার সার্বিক অগ্রগতি ৯৫% অর্জিত হয়েছে। আগষ্ট/২০১৭ থেকে জানুযারী/২০১৮ পর্যন্ত বাস্তবায়নাধীন ইনোভেশন পরিকল্পনার আওতায় মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে শেয়ার হোল্ডার ব্যবস্থাপনার কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে (জুন-২০১৮) গুগল প্লে স্টোর থেকে তৈরীকৃত শেয়ার সংক্রান্ত মোবাইল অ্যাপসটি ডাউনলোড করার সুবিধা পাওয়া যাবে। সভাপতি কর্তৃক উক্ত মোবাইল অ্যাপসটি গুগল প্লে স্টোরে আপলোড করার পূর্বে যথাযথভাবে পরীক্ষা নিরীক্ষা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

সদস্য সচিব কর্তৃক ২য় ইনোভেশন কার্যক্রম অর্থ্যাৎ ব্যাংকের নিজস্ব অনলাইন ট্রেনিং ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, ব্যাংকের নিজস্ব রিসোর্স (প্রোগ্রামার কর্তৃক) ব্যবহার করে এবং কম্পিউটার উপ-বিভাগ এর কারিগরী সহায়তায় ট্রেনিং ইনস্টিটিউট অধ্যক্ষ কর্তৃক প্রাথমিকভাবে প্রস্তুতকৃত চাহিদা অনুযায়ী অনলাইন ট্রেনিং ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার তৈরীর কাজ চলমান আছে। জুন/২০১৮ এর মধ্যে উক্ত সফটওয়্যারটি তৈরীর কাজ সম্পন্ন হবে বলে সভাকে জানানো হয়। সভাপতি মহোদয় কর্তৃক ব্যাংকের চাহিদা অনুযায়ী এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্ধারিত সময়ের মধ্যে উক্ত সফটওয়্যারটি তৈরীর কাজ সম্পন্নের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ব্যাংকের নিজস্ব অনলাইন ট্রেনিং ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি ট্রেনিং ইনিস্টিটিউটের চাহিদা অনুযায়ী এবং নির্ধারিত সময় অর্থাৎ জুন-২০১৮ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
- জুন-২০১৮ এর মধ্যে ব্যাংকের ২০১৭-১৮ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা সম্পন্ন করতে হবে।
- মন্ত্রিপরিষদ বিভাগে ২১ সেপ্টেম্বর ২০১৭ এ অনুষ্ঠিত নাগরিক সেবায়, উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভার (২য় রাউন্ড) কার্যবিবরণীর আলোকে ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করতে হবে।

**আলোচ্য সূচি-০৩: ইনোভেশন সংক্রান্ত ৫দিন ব্যাপী প্রশিক্ষণের বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ইনোভেশন সংক্রান্ত দুইদিন ব্যাপী এবং পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণ বিষয়ে আলোচনায় সভায় সদস্য সচিব কর্তৃক অবহিত করা হয় যে, বর্তমান অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কোন প্রশিক্ষণ না হওয়ায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ইনোভেশন সংক্রান্ত পর্যালোচনা সভায় দ্রুততম সময়ে ইনোভেশন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় সভাপতি মহোদয় এ বিষয়ে একটি দুই দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ এবং ৫দিন ব্যাপী ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের পরিবর্তে একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য ট্রেনিং ইনস্টিটিউটকে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ

- দ্রুততম সময়ে একটি দুই দিন ব্যাপী ইনোভেশন এবং একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে A2I এর সাথে যোগাযোগ করে পত্র প্রেরণ করতে হবে এবং তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করতে হবে।

**আলোচ্য সূচি-০৪: ব্যাংকের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায় থেকে SIP (Small Improvement Project) সংগ্রহের বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ব্যাংকের SIP (Small Improvement Project) তালিকা প্রনয়ণের উদ্দেশে ইতোমধ্যে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক ও শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে বলে সদস্যসচিব কর্তৃক সভাকে অবহিত করা হয়। উক্ত পত্রের নির্ধারিত তারিখ অতিবাহিত হলেও কোন SIP না পাওয়ায় সভাপতি মহোদয় কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয়। সদস্য সচিব কর্তৃক আরো অবহিত করা হয় যে, ইতোপূর্বে ইনোভেটিভ আইডিয়া প্রেরণের জন্য ০৯-০৭-২০১৭ এবং ০৩-০৮-২০১৭ তারিখ দুটি পত্র প্রেরণ করা হলেও কোন উদ্ভাবনী পরিকল্পনা পাওয়া যায়নি। এমতাবস্থায়, ব্যাংকের ইনোভেশন কার্যক্রম আরো বেগবান করার লক্ষ্যে সামগ্রিক বিষয়ে গুরুত্বারোপ করে পুনরায় উক্ত বিষয়ের আলোকে পত্র প্রেরণের ব্যাপারে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তঃ

- SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পুনরায় প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক এবং শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত মে-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী।

**আলোচ্য সূচি-০৫: ইনোভেশন সংক্রান্ত কাজে প্রনোদনা প্রদানের নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ইনোভেশন সংক্রান্ত প্রনোদনা প্রদান বিষয়ে বর্তমানে কোন নীতিমালা নেই এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকেও কোন গাইডলাইন না থাকায় এ সংক্রান্ত আইডিয়া মূল্যায়ন এবং যথাযথভাবে প্রনোদনা প্রদানের লক্ষ্যে একটি নীতিমালা থাকা বাঞ্ছনীয়। সভায় এ বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের বিষয়ে একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তঃ

- ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য সূচি-০৬: ইনোভেশন সংক্রান্ত কাজে প্রনোদনা প্রদান বিষয়ে আলোচনা।**

**আলোচনা:** ইনোভেশন সংক্রান্ত কাজে কর্মকর্তাদের আগ্রহী করার লক্ষ্যে প্রনোদনা সংক্রান্ত বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। সভাপতি মহোদয়, ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন সংক্রান্ত কাজে আগ্রহী করার লক্ষ্যে সনদ, ক্রেস্ট এবং আর্থিক সুবিধা প্রদানের বিষয়ে মত প্রকাশ করেন। এ বিষয়ে ইতোমধ্যে ব্যাংকে ইনোভেশন আইডিয়ার মাধ্যমে শাখাসমূহ থেকে মাসিক অ্যাফেয়াস আনায়নের লক্ষ্যে সিনিয়র অফিসার জনাব এস এম সালাউদ্দিন কর্তৃক প্রনীত উদ্ভাবণী আইডিয়া প্রদানের জন্য উদ্ভাবককে প্রনোদনা প্রদান হিসাবে সনদ এবং ১টি ট্যাব প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রনোদনা প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করা হলেও বিগত ২৮ মে ২০১৮ তারিখ কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগের পত্র সূত্র নং-১/১০/২৩৩(প্রঃকাঃ)/৭২৫৮ এর মাধ্যমে উক্ত কর্মকর্তা কর্তৃক ব্যাংকের বিরুদ্ধে নাশকতামূলক কাজে জড়িত থাকার অভিযোগ পাওয়ায় তাকে অত্র ব্যাংকের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। এমতাবস্থায় উক্ত কর্মকর্তাকে ইনোভেশন সংক্রান্ত আইডিয়া প্রদানের জন্য প্রনোদনা প্রদানের বিষয়ে পুনঃবিবেচনা করার নিমিত্ত সভায় উপস্থাপন করা হলে সভাপতি মহোদয় কর্তৃক উক্ত অফিসারকে প্রনোদনা প্রদানের বিষয়টি স্থগিত করার সিদ্ধান্ত প্রদান করেন।

সদস্য সচিব কর্তৃক সভাকে আরোও অবহিত করা হয় যে, ব্যাংকের প্রধান কার্যালয়ে কম্পিউটার উপ-বিভাগে কর্মরত ডাটা এন্ট্রি অপারেটর জনাব এ,এইচ,এম সাইফুল হক কর্তৃক বিল সংক্রান্ত যাবতীয় কাজ অটোমেশনের মাধ্যমে দ্রুততম সময়ে সম্পন্নের লক্ষ্যে একটি উদ্ভাবনী আইডিয়া দাখিল করা হয়েছে। আইডিয়াটির TCV(Time Cost Value) যাচাই করে দেখা যায় যে, উক্ত আইডিয়াটি বাস্তবায়নের ফলে ব্যাংকের বিল সংক্রান্ত যাবতীয় কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করা সম্ভব হবে, বিল সংক্রান্ত যাবতীয় ডকুমেন্টস সংরক্ষণ করা এবং দ্রুততম সময়ে বিল প্রদানের মাধ্যমে সরবরাহকারীদের আস্থা অর্জন এবং সর্বোপরি ব্যাংকের ভাবমূর্তী উজ্জল হবে। সভায় উক্ত অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি উপস্থাপন করা হলে সভাপতি মহোদয় কর্তৃক প্রাথমিকভাবে কম্পিউটার উপ-বিভাগ ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় পরিবর্তন ও সংযোজন সাপেক্ষে সফটওয়্যারটি ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল উপ-বিভাগের ব্যবহার উপযোগী করে প্রস্তুত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো উল্লেখ করেন উক্ত সফটওয়্যারটি ব্যাংকের প্রধান কার্যালয়ে সফল ভাবে বাস্তবায়ন সাপেক্ষে ব্যাংকের সকল আঞ্চলিক ও শাখা কার্যালয়ে চালু করার উদ্যোগ গ্রহনের নির্দেশনা প্রদান করেন।

অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরীর এবং এই উদ্ভাবনী আইডিয়া প্রদানের জন্য কম্পিউটার উপ-বিভাগে কর্মরত ডাটা এন্ট্রি অপারেটর জনাব এ,এইচ,এম সাইফুল হককে ইনোভেশন আইডিয়া প্রদান সংক্রান্ত প্রনোদনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গহীত হয়। সদস্য সচিব কর্তৃক সভাকে আরো অবহিত করা হয় যে, জনাব এ, এইচ, এম সাইফুল হক কর্তৃক ইনোভেশন আইডিয়া প্রদান এবং সম্পূর্ন নিজস্ব উদ্যোগে তা বাস্তবায়ন করায় ব্যাংকের কোনরুপ ব্যয় না হওয়ায় আইডিয়াটি খুবই ফলপ্রসু হবে।

সিদ্ধান্তঃ

- ব্যাংকের বিল সংক্রান্ত যাবতীয় কাজ অটোমেশনের মাধ্যমে দ্রুততম সময়ে সম্পন্ন করে সরবরাহকারীদের আস্থা অর্জন এবং ব্যাংকের ভাবমূর্তি বৃদ্ধি করে TCV কমিয়ে দ্রুততম সময়ে বিল সংক্রান্ত কাজ সম্পাদন করায় উদ্ভাবনী আইডিয়া প্রদানকারী কর্মকর্তা জনাব এ,এইচ,এম সাইফুল হক, ডাটা এন্ট্রি অপারেটর, কম্পিউটার উপ-বিভাগ এর অনুকুলে উদ্ভাবনী ধারনা প্রদানের জন্য সনদ এবং ১টি ট্যাব বা তার সমমূল্য পরিমান অর্থ নগদ প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।
- সিনিয়র অফিসার জনাব এস এম সালাউদ্দিন কর্তৃক প্রনীত উদ্ভাবণী আইডিয়া প্রদানের জন্য প্রনোদনা প্রদান হিসাবে সনদ এবং ১টি ট্যাব প্রদানের বিষয়ে সিদ্ধান্ত স্থগিত করা হলো।



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

**বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত মে-২০১৮ এর মাসিক সভার কার্যবিবরণী।**

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেস এনালিস্ট
ও
সদস্য সচিব ইনোভেশন টিম

এ. কে মাকসুদুল আহসান ভুঁইয়া
অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
ও
সদস্য ইনোভেশন টিম

মো: সিজানুর রহমান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ

মো: মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন মহা-বিভাগ
ও
ইনোভেশন অফিসার



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd